

আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি

ভোলায় বিদ্যালয়মুখী হচ্ছে ঝরে পড়া ৪২০০ শিক্ষার্থী

সংবাদ : প্রতিনিধি, ভোলা | ঢাকা, বুধবার, ০৬ জানুয়ারী ২০২১

ভোলা জেলা সদর ও চরফ্যাশন উপজেলায় প্রাথমিক পর্যায়ে ঝরেপড়া শিক্ষার্থীদের মধ্যে ৪ হাজার ২শ' জনকে স্কুলে ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েছে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচীর আওতায় এ কার্যক্রম বাস্তবায়িত হবে। গত সোমবার জেলা প্রশাসক কার্যালয়ে এ বিষয়ে এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বেসরকারি উন্নয়ন সংস্থা দ্বীপ উন্নয়ন সংস্থা প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে রয়েছে। কার্যক্রমের উদ্বোধন ও বক্তব্য রাখেন জেলা প্রশাসক মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক, সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ অধ্যক্ষ মো. ইসরাফীল, অতিরিক্ত জেলা প্রশাসক সুজিত হালদার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ফারুক আলম মামুন, অতিরিক্ত জেলা প্রশাসক শঙ্কর কুমার বিশ্বাস, জেলা উপানুষ্ঠানিক কর্মকর্তা জানে আলম, প্রেসক্লাব সম্পাদক অমিতাভ অপু, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা দীনেশ চন্দ্র মণ্ডল, সহকারী জেলা প্রাথমিক কর্মকর্তা কামরুজ্জামান, পিটিআই'ও সুপার মাহামুদা বেগম, ভোলা কলেজ শিক্ষক মো. মিজানুর রহমান, দ্বীপ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মো. ইউনুছ।